



জেলা পরিষদ কার্যালয়
শেরপুর।

www.zpsheerpur.gov.bd.

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-জেপশে/সা:শা:/২০২৩-২০২৪/২৭৫(০৬)

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৬.৪২.০০০০.০০০. ১১.০১০.১৭.১৯৪৯ তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: এর ছাড়পত্র মোতাবেক শেরপুর জেলা পরিষদে নিম্নবর্ণিত ১(এক) টি শূন্য পদে ২০১৫ সনের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিক নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক	৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) গ্রেড-১৬	০১(এক) টি	(ক) উচ্চ মাধ্যমিক পাস/সমমান ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে বাংলায় ৩০ শব্দ এবং ইংরেজিতে ৪০ শব্দ।

১। সাদা কাগজে প্রার্থীর স্ব- হস্তে লিখিত আবেদন পত্রে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকতে হবেঃ-

(ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (২৬/১২/২০২৩ খ্রি: তারিখে) (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) মোবাইল নম্বর (ট) কোটা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে)

২। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ-

- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সকল পরীক্ষার সনদ এর অনুলিপি।
- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি ছবি।
- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
- প্রার্থীর নিজ এলাকার পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
- কম্পিউটার প্রশিক্ষণের সত্যায়িত সনদপত্র।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকা তফসীলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
- যোগাযোগের ঠিকানাসহ লিখিত ফেরত খাম ৯.৫০"×৪.৫০" সাইজের এবং ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত করতে হবে।

৩। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৪। খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, শেরপুর বরাবরে আগামী ২৬/১২/২০২৩ খ্রি: তারিখের মধ্যে আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে (অফিস চলাকালীন সময়ে) অবশ্যই পৌঁছাতে হবে।

৫। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে এবং সাধারণ আবেদনকারীদের বেলায় ২৬/১২/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত বয়স ৩০(ত্রিশ) বৎসরের মধ্যে সীমিত থাকতে হবে।

৬। শুধুমাত্র মুক্তিযোদ্ধা পোষ্যদের জন্য সর্বোচ্চ বয়স ৩২ (বত্রিশ) বৎসর বহাল থাকবে।

৭। কোন ব্যক্তি উক্ত কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না যদি তিনি বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের নাগরিক নহেন এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ করবার জন্য প্রতীক্ষণিত বন্ধ হয়ে থাকেন।

৮। চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব বিভাগের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে। বিভাগীয় প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র বাতিল করার বা এ নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অনুলিপিঃ বহুল প্রচারের জন্য প্রেরণ হলো।

১। সম্পাদক, দৈনিক সমকাল, ৩৮-৭, তেজগাঁও, শিল্প এলাকা,
ঢাকা-১২০৮।

২। সম্পাদক, দৈনিক তথ্যধারা, নিউ মার্কেট, শেরপুর সদর, শেরপুর।

৩। অফিস কপি।

তাঁকে বিজ্ঞপ্তি আগামী ২(দুই) দিনের মধ্যে ৩(তিন) কলাম ৭(সাত) ইঞ্চির মধ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং প্রচারের ৩(তিন) কপিসহ বিল প্রেরণের জন্য অনুরোধ করা হল।

(জেবুন নাহার শাম্মী)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, শেরপুর।
ফোন : ০২৯৯৭৭৮১০৭০